# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

## হাদিস নাম্বারঃ ১০৫২

১. পবিত্রতা অধ্যায় (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ১০৫. হাযিযগ্রস্ত মহিলা তার পরিধেয় কাপড় পবিত্র করে সেই কাপড়েই সালাত আদায় করতে পারবে

بَابُ الْمَرْأَةِ الْحَائِضِ تُصَلِّي فِي ثَوْبِهَا إِذَا طَهُرَتْ

### আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ اللَّهِ الرَّقَاشِيُّ حَدَّثَنَا يَزِيدُ هُوَ ابْنُ زُرَيْعٍ حَدَّثَنَا مُحَمَّدٌ هُوَ ابْنُ إِسْحَقَ حَدَّثَتْنِي فَاطِمَةُ بِنْتُ الْمُنْذِرِ عَنْ أَسْمَاءَ بِنْتِ أَبِي بَكْرٍ قَالَتْ سَمِعْتُ امْرَأَةً تَسْأَلُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَنْ ثَوْبِهَا إِذَا طَهُرَتْ مِنْ مَحِيضِهَا كَيْفَ تَصْنَعُ بِهِ قَالَ إِنْ رَأَيْتِ فِيهِ دَمًا فَحُكِّيهِ ثُمَّ اقْرُصِيهِ بِمَاءٍ ثُمَّ انْضَحِي فِي سَائِرِهِ فَصَلِّي فِيهِ

### বাংলা

১০৫২. ফাতিমাহ বিনতে মুনযির থেকে বর্ণিত, আসমা বিনতে আবু বাকর রাদ্বিয়াল্লাহু আনহা বলেন, আমি এক মহিলাকে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের নিকট জিজ্ঞেস করতে শুনেছি, হায়েযগ্রস্ত মহিলা হায়েয হতে পবিত্র হলে তার কাপড় কিভাবে (পরিষ্কার) করবে? তিনি বলেন: “যদি তুমি তাতে রক্ত দেখতে পাও, তবে তা (রক্ত) ঘষে তুলে ফেলবে, তারপর পানি দিয়ে রগড়াবে তারপর পূরো কাপড় ভালভাবে ধুয়ে নেবে তারপর সেই কাপড়ে সালাত আদায় করবে।”[1]

### ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ সহীহ।

তাখরীজ: এটি ৭৯৯, ১০৫৪ (অনুবাদ ৭৯৩, ১০৫০) নং এ গত হয়েছে। পূর্ণ তাখরীজের জন্য সেখানে দেখুন।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ ফাতিমা বিনতে আল মুনযির (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=81335

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন